



এভারকেয়ার হাসপাতালে খালেদা জিয়ার নিরাপত্তায় এসএসএফ



সংগৃহীত ছবি

এভারকেয়ার হাসপাতালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নিরাপত্তা জোরদারে মঙ্গলবার (২ ডিসেম্বর) দুপুর ২টা ২০ মিনিটে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) সদস্যরা অবস্থান নেন। বিষয়টি নিশ্চিত করেছেন বিএনপির মিডিয়া সেকেলের সদস্য শায়রুল কবির খান।

দিনের শুরুতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের একটি বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করে দোয়া ও প্রার্থনা করা হয় এবং জাতীয়ভাবে তাঁর জন্য দোয়া চাওয়া হয়। সভায় তাঁর বর্তমান শারীরিক জটিলতা বিবেচনায় হাসপাতালে চিকিৎসা আরও নির্বিঘ্ন করতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। পাশাপাশি প্রয়োজনে উন্নত চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার প্রস্তুতি রাখতে বলা হয়। তাঁর নিরাপত্তা, যাতায়াতের সুবিধা এবং রাষ্ট্রে তাঁর উচ্চ মর্যাদা বিবেচনায় তাকে অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি (ভিভিআইপি) ঘোষণা করতে নির্দেশ দেওয়া হয়, যা দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলোকে জানানো হয়েছে। সরকার জানায়, এসব বিষয়ে খালেদা জিয়ার পরিবার ও দলকে অবহিত করা হয়েছে।

দীর্ঘদিন ধরে হৃদরোগ, ডায়াবেটিস, আর্থ্রাইটিস, লিভার সিরোসিস ও কিডনির জটিলতাসহ নানা সমস্যায় ভুগছেন বেগম খালেদা জিয়া। ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবসের কর্মসূচি শেষে বাসায় ফেরার পর তাঁর শ্বাসকষ্ট বেড়ে গেলে ২৩ নভেম্বর দ্রুত তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকদের মতে, তিনি নিউমোনিয়ায় আক্রান্ত হয়েছেন এবং পাশাপাশি আরও জটিলতা দেখা দিয়েছে। গত কয়েক দিনে অবস্থার অবনতি হওয়ায় প্রথমে তাকে হাই ডিপেনডেন্সি ইউনিটে (এইচডিইউ) রাখা হয়, পরে অবস্থার আরও অবনতি হলে রবিবার ভোরে তাকে আইসিইউতে স্থানান্তর করা হয়।